গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ২৩ আগস্ট ২০১৫, ৮ ভাদ্র ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সরকার স্বাস্থ্যখাতে ট্রাস্টফাণ্ড গঠন করবে : প্রধানমন্ত্রী
২। সেতু প্রকৌশলের অনন্য প্রতীক হার্ডিঞ্জ ব্রিজ : অর্থমন্ত্রী
৩। তৃণমূলে কৃষকদের ঐক্যবদ্ধ করতে হবে : জনপ্রশাসনমন্ত্রী
৪। গত বছর শ্রমবাজারে ১১ হাজার ৭শ' আনুষ্ঠানিক কর্মসংস্থান : পরিকল্পনামন্ত্রী
৫। ৫৭ ধারা নিয়ে প্রশ্নে যৌক্তিকতা খতিয়ে দেখবে সরকার : আইনমন্ত্রী
৬। বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নে অগ্রাধিকার পাবে চরাঞ্চল : গভর্নর
৭। তিন দিনের সফরে ঢাকায় ওআইসি মহাসচিব
৯। রাজধানীর কমলাপুরে পাঁচ কেজি সোনাসহ দুইজন গ্রেফতার
৯। বিষাক্ত প্রক্রিয়ায় পশু মোটাতাজাকরণ : হুমকিতে জনস্বাস্থ্য
১০। ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে উত্তরাঞ্চল প্লাবিত

চলমান পাতা/২

১।	সরকার স্বাস্থ্যখাতে ট্রাস্টফাণ্ড গঠন করবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার পরিবর্তন হলে কমিউনিটি ক্লিনিকগুলো যাতে বন্ধ হয়ে না যায় এ জন্য তাঁর সরকার শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের ন্যায় কমিউনিটি ক্লিনিকগুলোর জন্য একটি ট্রাস্টফাণ্ড গঠন করার উদ্যোগ নিয়েছে। প্রধানমন্ত্রী বলেন, 'কমিউনিটি ক্লিনিকগুলো যাতে ভালভাবে চলতে পারে এবং জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে পারে এ জন্য আমরা একইভাবে একটি ট্রাস্ট ফাণ্ড গঠন করবো। এটি জনগণের মৌলিক অধিকারের মাধ্যমে দেশ উন্নত হবে ও দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্তি পাবে।' গতকাল ২২ আগস্ট শনিবার প্রধানমন্ত্রী নগরীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'শ্রেষ্ঠ কমিউনিটি ক্লিনিক-২০১৪' পুরস্কার প্রদান এবং ই-লার্নিং কার্যক্রম' উদ্বোধন অনুষ্ঠানের ভাষণে এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২।	সেতু প্রকৌশলের অনন্য প্রতীক হার্ডিঞ্জ ব্রিজ : অর্থমন্ত্রী

শত বছরের সাক্ষী রেলসেতু হার্ডিঞ্জ ব্রিজের নির্মাণশৈলীকে সেতু প্রকৌশলের অনন্য প্রতীক হিসেবে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, প্রযুক্তির পরিবর্তনের সাথে সাথে প্রকৌশলেও পরিবর্তন এসেছে। এর বড় কারণ নির্মাণ উপকরণ। হার্ডিঞ্জ ব্রিজ থেকে যমুনা নদীর  ওপর বঙ্গবন্ধু সেতু নির্মাণের ধারাবাহিকতায় এ পরিবর্তন লক্ষ্য করা যায়। গতকাল ২২ আগস্ট শনিবার রাজধানীর একটি হোটেলে হার্ডিঞ্জ ব্রিজের শত বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী দিবসে প্রধান অতিথির বক্তৃতায় এ মন্তব্য করেন তিনি। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.১)।

৩।	তৃণমূলে কৃষকদের ঐক্যবদ্ধ করতে হবে : জনপ্রশাসনমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জনপ্রশাসন মন্ত্রী  সৈয়দ আশরাফুল ইসলাম তৃণমূলে কৃষকদের ঐক্যবদ্ধ করে কৃষক লীগকে শক্তিশালী করতে দলীয় নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ২২ আগস্ট শনিবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে কৃষক লীগের আলোচনা সভায় মন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৮), ইনকিলাব (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.২,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.৩,ক.১)।

৪।	গত বছর শ্রমবাজারে ১১ হাজার ৭শ' আনুষ্ঠানিক কর্মসংস্থান : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী জানিয়েছেন, গত বছর বাংলাদেশের শ্রম বাজারে নতুন করে ১১ হাজার ৭শ' আনুষ্ঠানিক কর্মসংস্থান (ফরমাল জব) এর যোগান হয়েছে। এ যোগানের সবটাই হয়েছে যেখানে পর্যাপ্ত বিদ্যুৎ ছিল। গতকাল ২২ আগস্ট শনিবার বিদ্যুৎ বিভাগের আয়োজনে 'প্রজেক্ট ম্যানেজমেন্ট' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সের প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ কথা বলেন। বিদ্যুৎ বিভাগ তাদের প্রকল্প পরিচালকদের প্রকল্প বিষয়ে প্রশিক্ষণ দিতে এ আয়োজন করে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.৪,ক.৭)।

৫।	৫৭ ধারা নিয়ে প্রশ্নে যৌক্তিকতা খতিয়ে দেখবে সরকার : আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, তথ্য  ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারা নিয়ে জনমনে যে প্রশ্ন উঠেছে সেটির যৌক্তিকতা খতিয়ে দেখবে সরকার। গতকাল ২২ আগস্ট শনিবার রাজধানীর বাড্ডার বেরাইদে নৌকাবাইচের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.৩,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭)। প্রথম আলো এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬।	বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নে অগ্রাধিকার পাবে চরাঞ্চল : গভর্নর

বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে চরাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠী অগ্রাধিকার পাবে বলে জানিয়েছেন গভর্নর ড. আতিউর রহমান। তিনি বলেন, চরবাসীর জীবন মানোন্নয়নে চরে ভোকেশনাল শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা জরুরি। এক্ষেত্রে চরবাসীকে নিয়ে কাজ করছে এমন প্রতিষ্ঠান কেন্দ্রিয় ব্যাংকের 'চ্যালেঞ্জ ফান্ড' হতে অর্থায়ন প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে। তিনি জানান, পশু পালনের জন্য বাংলাদেশ ব্যাংক ৫ শতাংশ সুদহারে ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম খুলেছে। এ তহবিলের বেশিরভাগ যেন চরের মানুষেরা পায়, সে বিষয়ে কেন্দ্রীয় ব্যাংকের সংশ্লিষ্ট নির্বাহীদের নির্দেশনা দেন গভর্নর। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), সংবাদ (পৃ.১৪,ক.৩), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৫), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২), ডেইলি অবজারভার বিজনেস (পৃ.১,ক.৫)।

৭।	তিন দিনের সফরে ঢাকায় ওআইসি মহাসচিব

তিন দিনের সফরে গতকাল ২২ আগস্ট শনিবার ঢাকায় এসেছেন ওআইসির (অর্গানাইজেশন অফ ইসলামিক কো-অপারেশন) মহাসচিব আইয়াদ আমিন মাদানি। গতকাল ২২ আগস্ট শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.৩,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৯। রাজধানীর কমলাপুরে পাঁচ কেজি সোনাসহ দুইজন গ্রেফতার

কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে ২ কোটি টাকার স্বর্ণ ও দেড়হাজার পিস ইয়াবাসহ তিন যাত্রী গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃতরা হলেন-রাহুল, নোটন ও ইউসুফ। গতকাল ২২ আগস্ট শনিবার চট্টগ্রাম থেকে তারা ঢাকায় আসেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.২,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৯। বিষাক্ত প্রক্রিয়ায় পশু মোটাতাজাকরণ : হুমকিতে জনস্বাস্থ্য

আসন্ন ঈদুল আযহা উপলক্ষে অধিক মুনাফার লোভে এক শ্রেণির ব্যবসায়ী গরু মোটাতাজাকরণে বিভিন্ন ক্ষতিকর ওষুধ ব্যবহার করছে। এসব পশুর মাংস খাওয়ার ফলে কিডনি, লিভার, হৃদপিণ্ডসহ মানব শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গের কার্যক্ষমতা নষ্ট হয়ে যায়। গতকাল ২২ আগস্ট শনিবার পরিবেশ বাঁচাও আন্দোলন (পবা) আয়োজিত এক গোলটেবিল আলোচনায় বক্তারা এ কথা বলেন। বক্তারা এ ধরনের কর্মকাণ্ডে জড়িত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানান। একই সাথে জনসাধারণকে বেশি মোটাতাজা, নির্জীব, শ্লথ ও ক্লান্ত ধরনের গরু না কেনার অনুরোধ জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.২,ক.৩)।

১০। ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে উত্তরাঞ্চল প্লাবিত

গত কয়েকদিনের ভারী বর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে উত্তরাঞ্চলের বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। এসব এলাকার কয়েক লাখ মানুষ পানিবন্দি হয়ে পড়েছে। বিশুদ্ধ পানি ও খাবারের তীব্র সংকট দেখা দিয়েছে। গতকাল ২২ আগস্ট শনিবার প্রায় সবগুলো নদ-নদীর পানি বৃদ্ধি পেয়েছে। কয়েকটি নদীর পানি বিপদসীমার উপরে, কয়েকটির বিপদসীমার কাছাকাছি ছিল। কোনো কোনো স্থানে শুরু হয়েছে নদী ভাঙন। ডুবে গেছে আমনসহ অন্যান্য ফসলের ক্ষেত। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ., ক.২), সংবাদ (পৃ.১,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, ডেইলি স্টার : মাদারীপুরের সুমাইয়া আক্তার ও হ্যাপি আক্তার নামের দুই কিশোরী হত্যা মামলার আসামীরা নিহতদের পরিবারকে এলাকাছাড়া করার হুমকি দেওয়াকে ন্যায়বিচার পরিপন্থী উল্লেখ করে এসব অপরাধীকে গ্রেফতার ও দ্রুত অভিযোগ গঠনের মাধ্যমে বিচার প্রক্রিয়া ত্বরান্বিত করার দাবি;

খ. জনকণ্ঠ : আইনের শাসন সুসংহত এবং দেশের নাগরিকদের স্বস্তি ও শান্তি নিশ্চিত করতে সরকারকে সন্ত্রাস বিরোধী কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ;

গ. সংবাদ, যুগান্তর, যায়যায়দিন : অসাধু ব্যবসায়ীদের সিন্ডিকেট পণ্য সরবরাহে কৃত্রিম সংকট দেখিয়ে দিন দিন দাম বাড়িয়ে তোলায় নিত্য প্রয়োজনীয় পণ্যের লাগামহীন মূল্যবৃদ্ধি পাচ্ছে উল্লেখ করে প্রতিদিন বাজার মনিটরিং ব্যবস্থা কার্যকরভাবে সক্রিয় করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সমকাল, ইনকিলাব, যায়যায়দিন : একটু বৃষ্টিতেই রাজধানীতে জলাবদ্ধতা সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে তা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ঙ. যুগান্তর : বাংলাদেশ ব্যাংকের আর্থিক গোয়েন্দা ইউনিটের প্রতিবেদনে জঙ্গি অর্থায়নের যে চিত্র ফুটে উঠেছে তা ভয়াবহ উল্লেখ করে জঙ্গি তৎপরতা বিস্তার রোধে এসব অর্থায়নের উৎস খুঁজে বের করে আইনি পদক্ষেপ দাবি;

চ. ইন্ডিপেনডেন্ট : বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহনীয় ৪০ ডেসিবলের মাত্রার চেয়ে রাজধানীতে শব্দ দূষণের মাত্রা ১১০ ডেসিবল যা অনেক বেশি হওয়ায় হওয়ায় শব্দ দূষণ প্রতিরোধে কঠোরভাবে আইন প্রয়োগের সুপারিশ;

ছ. ডেইলি সান : গুলশান-বারিধারার লেক সুরক্ষায় কর্তৃপক্ষ, প্রভাবশালী জনগোষ্ঠী, নাগরিক সমাজের, পরিবেশবিদ ও স্থানীয় বাসিন্দাদের সম্মিলিতভাবে এগিয়ে আসার আহ্বান;

জ. নিউজ টুডে : দেশব্যাপী মহাসড়কগুলো ক্রমান্বয়ে মৃত্যুফাঁদে পরিণত হওয়ার আশঙ্কা প্রকাশ করে হাইওয়ে কর্তৃপক্ষ ও প্রশাসনকে এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঝ. নিউ নেশন : প্রাথমিক সমাপনী পরীক্ষা চালু হওয়ায় স্কুলের শিক্ষার্থীদের কোচিং অনেকটা বাধ্যতামূলক হয়ে পড়ায় প্রাথমিক সমাপনী পরীক্ষা বাদ দেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে বন্যার মতো প্রাকৃতিক দুর্যোগের সময় দেশের নদ-নদী বাড়তি পানি ধারণ করে হবে রক্ষাকবচ তাই এ সম্পদের যথাযথ রক্ষণাবেক্ষণ করতে পারলে তা সমৃদ্ধির সোপানে তুলে দিতে আরও বেশি অবদান রাখবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'আর্থিক খাতে শৃঙ্খলা ও সুশাসন প্রতিষ্ঠা জরুরি' শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন ব্যাংকিং খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে ব্যাংকগুলোতে অযাচিত হস্তক্ষেপ বন্ধ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা